



বাংলাদেশ পাটকল করপোরেশন
আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।

স্মারক নং - ২৪.০৪.০০০০.২০৪.৪৩.১০১.১৬.১৯-১৬৪

তারিখঃ ৩১.০৬.২০১৯

দপ্তর আদেশ

অগ্নি জনিত দুর্ঘটনা প্রতিরোধ ও অন্যান্য প্রাকৃতিক বিপর্যয় মোকাবেলায় গত ২২/০২/২০১৯ তারিখে জারিকৃত স্মারক নং ২৪.০৪.০০০০.২০৪.৪৩.১০১.১৮-১১১ এর অনুবৃত্তিক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি দেশের বিভিন্নস্থানে বিভিন্ন সময়ে অগ্নিকান্ড সংঘটিত হচ্ছে। ভবিষ্যতে সম্ভাব্য অগ্নিকান্ড প্রতিরোধে উক্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক পরিপত্রের কপি ১ ফর্দ।

(একেএম তারেক)

সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সকল বিভাগীয় প্রধান, বিজেএমসি, ঢাকা।
- ২। লিয়াজো কর্মকর্তা, বিজেএমসি ঢাকা/চট্টগ্রাম/খুলনা অঞ্চল।
- ৩। বিজেএমসির নিয়ন্ত্রণাধীন সকল মিলের প্রকল্প প্রধান।

অনুলিপিঃ (ই-মেইলযোগে প্রেরণ করা হল) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা (সংস্থার ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ৩। পরিচালক মহোদয়গণের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ৫। অফিস কপি/মাষ্টার ফাইল।



বাংলাদেশ পাটফল কর্পোরেশন
আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।

ফোনঃ পিএবিএক্সঃ
৯৫৫৮১৮২-৬ এবং ৯৫৫৮১৯২-৬
ফ্যাক্স : ৯৫৮৬৭৩২

E-mail-admnbimc@gmail.com

স্মারক নং-২৪.০৪.০০০০.২০৪.৪৩.১০১.১৮ - ০০১

তারিখঃ ২২/০২/২০১৯

বিষয় : অগ্নি-প্রতিরোধক ও অন্যান্য প্রাকৃতিক বিপর্যয়ে নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য উল্লেখ করা যাচ্ছে যে, কাঁচা পাট ও পাটজাত পণ্য দাহ্য ও পঁচনশীল দ্রব্য। তাই যে কোন সময় যে কোন কারণে অগ্নি দুর্ঘটনা বা অন্যান্য যে কোন ধরনের প্রাকৃতিক বিপর্যয়ে এ পণ্যগুলো ক্ষতিগ্রস্ত হতে পারে। আর যে কোন ধরনের দুর্ঘটনা ঘটলে মিলকে অপূরণীয় আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হয়।

২. যে কোন ধরনের দুর্ঘটনা পরিহারের লক্ষ্যে এবং মিলের কাঁচা পাট ও পাটজাত পণ্যসহ অন্যান্য সম্পদের সম্ভাব্য ক্ষয়ক্ষতি হতে মিলকে রক্ষা করতে এগুলোর প্রতি সজাগ দৃষ্টি ও নিবিড় তত্ত্বাবধান প্রয়োজন। অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা পরিহারের লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণের জন্য অনুরোধ করা হলো :

- মিল এবং ক্রয় কেন্দ্রের পাট গুদাম, যাচাই শেড ও পাট রাখার অন্যান্য স্থানে রক্ষিত পাট ও পাটজাত পণ্য বৃষ্টির পানিতে যাতে না ভিজে এবং বৃষ্টি ও বন্যার পানি যাতে আটকে না থাকে সে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- যাচাই শেড এবং এর আশে-পাশে নিরাপত্তা বাতি সমূহের বৈদ্যুতিক ওয়্যারিং রুটিন মাসিক পরীক্ষা করে ক্রটিমুক্ত রাখার ব্যবস্থা গ্রহণ।
- মিল অভ্যন্তরে বৈদ্যুতিক সরঞ্জামাদির নিকট থেকে পাট, পাটজাত পণ্য, ফিনিসড গুডস ইত্যাদি নিরাপদ দূরত্বে রাখার ব্যবস্থা গ্রহণ।
- বিদ্যুতের ডিষ্ট্রিবিউশন বোর্ড সমূহের 'গা' ঘেমে কোন পাট পণ্য/দাহ্য পদার্থ না রাখা।
- মিল মেশিনারী ও যাবতীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন ও ক্রটিমুক্ত রাখার ব্যবস্থা গ্রহণ।
- মেশিনারী/মোটরের তার/কানেকশন যাতে লুজ/ঢিলা তথা বিপদজনক অবস্থায় না থাকে তা নিশ্চিতকরণ। সে জন্য সাপ্তাহিক রক্ষণাবেক্ষণ দিবসে সরেজমিনে রুটিন মাসিক পরীক্ষা করার ব্যবস্থা গ্রহণ।
- যাবতীয় অগ্নি নির্বাপক যন্ত্রপাতি সচল আছে কি না তা পরীক্ষা করা এবং নির্দিষ্ট স্থানে রাখার ব্যবস্থা গ্রহণ।
- মিলে কর্মরত শ্রমিকসহ সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অগ্নিকাতের ব্যাপারে সতর্কীকরণ ও প্রস্তুত রাখা।
- নিরাপত্তা বিভাগীয় প্রধানকে অগ্নি নির্বাপন যন্ত্রপাতি এবং নিরাপত্তা পোষ্টসমূহের নিরাপত্তা প্রহরীগণকে সজাগ রাখার জন্য নির্দেশ প্রদান।
- পাট গুদাম এলাকায় অপরিচিত/অননুমোদিত ব্যক্তির প্রবেশ সম্পূর্ণরূপে নিষেধ এবং এ সংক্রান্ত লাল কালিতে স্টিকার লাগানোর ব্যবস্থা করা।
- পাট গুদাম এর আশে পাশের নিরাপত্তা ব্যবস্থা জোরদারকল্পে প্রয়োজনীয় নিরাপত্তা প্রহরী নিয়োজিত করা এবং সংশ্লিষ্ট এলাকায় ধূমপান সম্পূর্ণরূপে নিষেধ করা এবং এ সংক্রান্ত লাল কালিতে স্টিকার লাগানোর ব্যবস্থা করা।
- আশে পাশের অগ্নি-নির্বাপক কেন্দ্রের টেলিফোন নম্বর মিল ও গোডাউনের দৃষ্টিগ্রাহ্য এলাকায় বড়, স্পষ্ট করে লিখে রাখা।
- মিলের শ্রমিক, নিরাপত্তা কর্মীসহ কর্মকর্তা ও কর্মচারীদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে প্রতিমাসে অগ্নি-নির্বাপক ড্রিলের/মহড়ার ব্যবস্থা গ্রহণসহ বর্ষিত অনুশাসনগুলি নিবিড়ভাবে বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা।
- এতদবিষয়ে বিজেএমসি কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত পরিপত্র/দপ্তরাদেশের নির্দেশনাসমূহও যথাযথভাবে অনুসরণ করতে হবে।

উল্লিখিত গৃহিত কার্যক্রমের ওপর মাসিক বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(একেএম তারেক)

সচিব

ফোন-৯৫৬০০৯২

প্রকল্প প্রধান

..... গুট মিলস্ লিঃ

অনুলিপি (ই-মেইলযোগে প্রেরণ করা হলো) :

- ০১। মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ), বিজেএমসি, ঢাকা।
- ০২। নিয়ন্ত্রণ কর্মকর্তা, বিজেএমসি ঢাকা/চট্টগ্রাম/খুলনা অঞ্চল।
- ০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ০৪। পরিচালক মহোদয়গণের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ০৫। সচিবের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ০৬। অফিস কপি মাস্টার ফাইল